ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৩৯

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

আজ২৮ অক্টোবর, ২০২৫ ‘‘জলমগ্ন আইজিএম’র ডায়ালিসিস ওয়ার্ড,’’ এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় ও ‘‘আইজিএমে ডায়ালিসিস ইউনিট জলমগ্ন, দুর্ভোগ,’’এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ দু’টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে, আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, আইজিএম হাসপাতালের জি+৬ ভবনের ডায়ালিসিস ইউনিটের পঞ্চম ও ষষ্ঠ তলের মধ্যবর্তী স্থানে অবস্থিত একটি ওয়াটার আউটলাইন-পাইপ গত ২৬ অক্টোবর, ২০২৫ থেকে ব্লক হয়ে আছে। এ বিষয়ে তৎক্ষণাৎ পিডব্লিউডি-এর জুনিয়র ইঞ্জিনিয়ারকে যথাযথভাবে অবগত করা হয় এবং তিনি সমস্যাটি সমাধানের জন্য যথাসাধ্য প্রচেষ্টারপর আজ পাইপ লাইনটির মেরামতের কাজ সম্পন্ন হয়েছে এবং ডায়ালিসিস ইউনিটের মেঝেতে জল জমে থাকা সমস্যারও সমাধান হয়েছে।

*****